# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**মামলা নং- ০৫/২০২০**

**অভিযোগকারী** :

১। জনাব আবু বক্কর সিদ্দিক, প্রোপ্রাইটর, এম/এস সিদ্দিক এন্ড কোং, ৪৬/১, সোবহান ম্যানশন, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

২। জনাব মোঃ বেলায়েত হোসেন (বেলাল), প্রোপ্রাইটর, এম/এস ম্যাক্স ইলেকট্রো ইন্ডাস্ট্রিজ, এ-১৫৪, শীমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ;

৩। জনাব মোঃ আনিছুর রহমান, প্রোপ্রাইটর, এম/এস এম. কে ইলেকট্রনিক্স, হামিদ টাওয়ার, ২৪, গুলশান বা/এ, গুলশান-২, ঢাকা-১২১২;

৪। জনাব মোঃ উজির আহমেদ, প্রোপ্রাইটর, এম/এস রাজ ইলেকট্রনিক্স, শপ নং-১৩, ১৪ নিউ সুপার মার্কেট, ৬৭/৪/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

৫। জনাব মোঃ আব্দুল লতিফ, প্রোপ্রাইটর, এম/এস পলক ইলেকট্রনিক্স শপ নং-১৫, ১৭ এক্সটেনশন সুপার মার্কেট, ৬৭/৪/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

৬। জনাব মোঃ নূর আলম, প্রোপ্রাইটর, এম/এস সো গুড ইলেকট্রনিক্স, ১১, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা-১০০০;

৭। জনাব মোঃ নজরুল এহছান, ম্যানেজিং পার্টনার, ৫০/এ, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা-১০০০;

৮। জনাব মোঃ ইউসুফ, ম্যানেজিং পার্টনার, এম/এস ড্রীম ইলেকট্রনিক্স বিডি, শপ নং-৩০২, লেভেল-৪, সুবাস্তু আর্কেড, ৪৬-৪৮, ডঃ কুদরত-ই-খুদা রোড, ঢাকা;

৯। জনাব পঙ্খীরাজ বসাক রাজন, ম্যানেজিং ডাইরেক্টর, নেক্সটজেন টেকনোলজি লিমিটেড, শপ নং-৩২৫, ৩২৬, ৩২৭, মাল্টিপ্ল্যান সেন্টার, ৬৯-৭১, মিরপুর রোড, ঢাকা-১২০৫;

১০। জনাব সোহরাব হোসেন, প্রোপ্রাইটর, এম/এস হাবীব ইলেকট্রনিক্স, ৮৬/এ, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মার্কেট, ঢাকা-১০০০;

১১। জনাব মোঃ শফি সরওয়ার, প্রোপ্রাইটর, এম/এস বেতার অঞ্জন, শপ নং-২৭, নিউ সুপার মার্কেট, ৬৭/৪/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

১২। জনাব আরিফুল হাসান চৌধুরী, প্রোপ্রাইটর, এম/এস চৌধুরী ইলেকট্রনিক্স ডটকম, শপ নং-৪২৪-৪২৬, আল্পনা প্লাজা (৪র্থ তলা), ৫১, মিরপুর রোড, ঢাকা-১২০৫;

১৩। জনাব মোশারফ হোসেন, প্রোপ্রাইটর, এম/এস জুবায়ের ইলেকট্রনিক্স, ১০৬, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মার্কেট, ঢাকা-১০০০;

১৪। জনাব মোঃ আতিকুল ইসলাম, ম্যানেজিং পার্টনার, শপ নং-৩০৫, মাল্টিপ্ল্যান সেন্টার, ৬৯-৭১, মিরপুর রোড, ঢাকা-১২০৫।

## বনাম

**প্রতিপক্ষ** : জনাব আকতার হোসেন, চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড, কর্পোরেট হেড অফিস ৩য়, ৪র্থ এবং ৫ম ফ্লোর, সোনারতরী টাওয়ার, ১২, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা-১০০০।

**চূড়ান্ত আদেশের তারিখ** : **২৯-১২-২০২১ খ্রিঃ**

কমিশন :

১। জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

২। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

৩। ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

৪। জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

৫। জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

**বর্ণিত প্রেক্ষাপট, সার্বিক পরিস্থিতি এবং আইনের বিধানাবলী বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন:**

**চূড়ান্ত আদেশ**

১। দেশের ইলেকট্রনিক্স পণ্য সামগ্রীর বাজারে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করার, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে এবং প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযোগকারী কর্তৃক বিগত ২৭-০৯-২০২১ খ্রিঃ তারিখে দাখিলীয় **উত্তোলন/প্রত্যাহার** সংক্রান্ত আবেদন এবং পক্ষবৃন্দ কর্তৃক দাখিলীয় আপোষনামার শর্ত বিবেচনাক্রমে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর বিধানাবলী অনুসারে ২ থেকে ৭ নং আদেশে উল্লিখিত কতিপয় **পরামর্শ** ও **নির্দেশনাসহ** মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। অভিযোগকারীগণ ও প্রতিপক্ষ -

(ক) সিটি কর্পোরেশন বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বৈধভাবে ইস্যুকৃত লাইসেন্স, উক্ত লাইসেন্সে উল্লিখিত শর্ত, ব্যবসার ধরণ এবং ব্যবসার সময়কাল, ইত্যাদি অনুসরণক্রমে তাদের স্ব স্ব ব্যবসা পরিচালনা করবেন এবং ব্যবসা পরিচালনার ক্ষেত্রে প্রতিযোগিতা আইন, ২০১২ অনুসারে যে কোন ধরনের প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড থেকে আবশ্যিকভাবে বিরত থাকবেন;

(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং সংশোধিত আমদানি নীতি আদেশ অনুসারে আমদানিযোগ্য ইলেকট্রনিক্স পণ্য আমদানির ক্ষেত্রে দেশের প্রচলিত আইন, বিধি, পরিপত্র এবং সরকারি নির্দেশনা, ইত্যাদি প্রতিপালনে সচেষ্ট থাকবেন;

(গ) ইলেকট্রনিক্স পণ্য বিশেষত SONY TV, ইত্যাদি বাজারজাতকরণের ক্ষেত্রে কোন প্রকার নকল SONY Logo তৈরী করে জনসাধারণ তথা ভোক্তাগণকে ক্ষতিগ্রস্থ করা থেকে বিরত থাকবেন;

(ঘ) ভুয়া ও মিথ্যা Declaration এর মাধ্যমে বিভিন্ন দেশের ইলেকট্রনিক্স পণ্য আমদানি করে বিক্রয়, বাজারজাতকরণ, শো-রুম (Showroom) সজ্জিতকরণ, ইত্যাদি সম্পর্কিত অপরাধমূলক কর্মকান্ড থেকে নিজেদের বিরত রাখবেন।

৩। অভিযোগকারীগণ তাদের-

(ক) ব্যবসায়িক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতীত **"Sony Authorized Sales Service Center" বা "Sony Authorized Dealer বা Distributor, ইত্যাদি"** সাইন বোর্ড ব্যবহার বা প্রচারমূলক কার্যক্রম করতে পারবেন না;

(খ) ব্যবসায়িক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতীত Rangs Electronics Ltd. কর্তৃক ডিজাইনকৃত বা উদ্ভাবনকৃত **Rangs Logo, Tag, Warranty Card, Signboard, Promotional Leaflet, Banner ইত্যাদি হুবহু বা আংশিক পরিবর্তন বা পরিমার্জন করে তৈরীকৃত কোন কিছু ব্যবহার করতে পারবেন না;**

(গ) **Sony TV-সহ অন্যান্য Brand এর TV-র Logo ব্যবহার করা এবং শো-রুমে (Showroom) এবং দোকানে বা বাণিজ্য মেলায় এবং অনলাইন ভিত্তিক ই-কমার্স ব্যবসা পরিচালনাকালে** গ্রাহক তথা ভোক্তা এবং ক্ষুদ্র ব্যবসায়ীদেরকে মিথ্যা এবং ভুল তথ্য প্রদানক্রমে **ক্ষতিগ্রস্থ** করা থেকে **নিজেদের বিরত রাখবেন।**

৪। **পক্ষবৃন্দসহ অন্যান্য সমজাতীয় ব্যবসায়ী প্রতিষ্ঠান** বিদেশ থেকে খুচরা যন্ত্রাংশ বৈধভাবে আমদানি করার পর উহার মাধ্যমে বাংলাদেশে প্রস্তুতকৃত TV-র গায়ে **Assemble-কারী** প্রতিষ্ঠানের নাম, ঠিকানা উল্লেখপূর্বক **"Assembled in Bangladesh"** শব্দগুলি আবশ্যিকভাবে এমনভাবে লিপিবদ্ধ করবেন, **যা সহজে সকলের গোচরীভূত হয়।**

৫। **পক্ষবৃন্দসহ অন্যান্য সমজাতীয় ব্যবসায়ী প্রতিষ্ঠান** Unauthorized Dealer হিসেবে Sony Logo ব্যবহার করে যেন গ্রাহকদের ক্ষতিগ্রস্থ না করে সে বিষয়ে **পক্ষবৃন্দসহ** সকল ইলেকট্রনিক্স পণ্য **আমদানিকারক এবং বিক্রেতাগণ সতর্ক** থাকবেন এবং এ বিষয়ে কোন **ব্যত্যয় হলে বা আইন লংঘন করা হলে** উক্ত **ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনী পদক্ষেপ** গ্রহণের বিষয়ে **সংশ্লিষ্ট সকলে সোচ্চার থাকবেন।**

৬। বিবেচ্য মামলার বিষয়বস্তুর সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট রয়েছে এরূপ কোন সংগঠন বা এসোসিয়েশন বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহ নির্মূল করার উদ্দেশ্যে বাংলাদেশে প্রস্তুতকৃত সকল প্রকার TV প্রস্তুত, বাজারজাতকরণ, বিপণন, বিক্রয়, গুদামজাতকরণ, ইত্যাদি বিষয়ে সচেতন থাকবেন।

৭। **২ থেকে ৬ নং আদেশে** প্রদত্ত যে কোন **পরামর্শ বা নির্দেশনা পক্ষবৃন্দ বা সমজাতীয় ব্যবসা প্রতিষ্ঠান** কর্তৃক **লংঘন** করা হলে উক্ত **লংঘনকারী ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা আইন, ২০১২** (২০১২ সনের ২৩ নং আইন) এর বিধান অনুসারে **বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন** থেকে যথাযথ **আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।**

| | | | | |
|---|---|---|---|---|
| স্বাক্ষরিত/-<br>২৯/১২/২০২১ খ্রিঃ<br>নাসরিন বেগম<br>সদস্য | (বহি বাংলাদেশ ছুটিতে)<br>মোঃ আব্দুর রউফ<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৯/১২/২০২১ খ্রিঃ<br>ড. এ এফ এম মনজুর কাদির<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৯/১২/২০২১ খ্রিঃ<br>জি. এম. সালেহ উদ্দিন<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৯/১২/২০২১ খ্রিঃ<br>মোঃ মফিজুল ইসলাম<br>চেয়ারপার্সন |